

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date : 10-10-2025
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

INDIA-UK PM:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, দেশের ডিজিটাল বাস্তব্যবস্থা উদ্ভাবন এবং অন্তর্ভুক্তির ক্ষেত্রে বিশ্বজনীন মান নির্ধারক হয়ে উঠছে। গতকাল মুম্বাইয়ে গ্লোবাল ফিনটেক ফেস্ট ২০২৫-এ অংশগ্রহণ করে শ্রী মোদী বলেন, প্রযুক্তির গণতান্ত্রিক বিন্যাসের কারণে ভারত প্রযুক্তিগতভাবে সর্বাধিক অন্তর্ভুক্ত সমাজগুলির মধ্যে একটি। তিনি বলেন, প্রতি মাসে UPI-এর মাধ্যমে ২৫ লক্ষ কোটি টাকার ২০ বিলিয়ন লেনদেন প্রত্যক্ষ করছে দেশ। গ্লোবাল ফিনটেক ফেস্টে ভাষণ দিতে গিয়ে ব্রিটেনের প্রধানমন্ত্রী কেয়ার স্টারমারও ব্রিটেন এবং ভারতকে ফিনটেকের ক্ষেত্রে স্বাভাবিক অংশীদার এবং বিশ্বের অগ্রণী শক্তি হিসেবে আখ্যায়িত করেন।

BYTE

এদিকে, মুম্বাইয়ে অনুষ্ঠিত আলোচনায় উভয় নেতা খালিস্তানি সন্ত্রাসবাদ নিয়ে আলোচনা করেছেন। ব্রিটিশ প্রধানমন্ত্রীর ভারত সফর প্রসঙ্গে বিশেষ সাংবাদিক সম্মেলনে বিদেশ সচিব বিক্রম মিশ্রি এই কথা জানান। বিদেশ সচিব বলেন, উভয় নেতাই সন্ত্রাসবাদের যেকোন বহিঃপ্রকাশে তীব্র নিন্দা করেছেন এবং তাঁরা জম্মু ও কাশ্মীরের পহেলগামে সন্ত্রাসী হামলারও নিন্দা করেছেন।

CM-Jampuijala :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, সমাজের অস্তিম ব্যক্তি পর্যন্ত সরকারী বিভিন্ন সুযোগ সুবিধা পৌঁছে দেবার জন্য রাজ্য সরকার নিরন্তর প্রয়াস চালিয়ে যাচ্ছে। গতকাল জম্পুইজলা ব্লকের প্রভাপুরে ৪৮০ আসন বিশিষ্ট একলব্য মডেল আবাসিক স্কুলের উদ্বোধন করে তিনি একথা বলেন তিনি বলেন, আধুনিক শিক্ষায় শিক্ষিত হলেও নিজেদের কৃষ্টি-সংস্কৃতি পরম্পরাকে বজায় রাখতে হবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা ও বিধায়ক মানব দেববর্মা।

Mission for Aatmanirbharta in Pulses :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল সারা দেশে ‘মিশন ফর আত্মনির্ভরতা ইন পালসেস’ এবং ‘জন ধন কিশাণ যোজনা’-র সূচনা করবেন। এর প্রস্তুতি হিসেবে কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান গতকাল নয়াদিল্লি থেকে ভিডিও কনফারেন্সে বিভিন্ন রাজ্যের কৃষিমন্ত্রীদের সঙ্গে বৈঠক করেন। রাজ্যের কৃষিমন্ত্রী রতনলাল নাথও এই বৈঠকে অংশ নেন। বৈঠক শেষে তিনি জানান, এই দুটি কর্মসূচির উদ্বোধনী পর্বের রাজ্যস্তরের মূল অনুষ্ঠানটি আগরতলার এ.ডি নগরের স্টেট এগ্রিকালচার রিসার্চ স্টেশনে আয়োজিত হবে। রাজ্যস্তরের মূল অনুষ্ঠানে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা।

TBSE :

ত্রিপুরা মধ্যশিক্ষা পৰ্যদ পৰিচালিত ২০২৬ সালের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা ফেব্রুয়ারি মাসের শেষ সপ্তাহে শুরু হবে। তার জন্য যাবতীয় প্রস্তুতি শুরু হয়ে গেছে। পৰ্যদ সভাপতি ড. ধনঞ্জয়গণ চৌধুরী গতকাল আগরতলায় সাংবাদিক সম্মেলনে একথা জানিয়েছেন। তিনি জানান, আগামী ১৫ই নভেম্বর থেকে ৫ই ডিসেম্বর পর্যন্ত চলবে প্র্যাকটিক্যাল পরীক্ষা। তিনি জানান, পৰ্যদ পৰিচালিত মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফি ছয়টি ক্যাটাগরিতে বাড়ানো হয়েছে। আজ থেকে তা কার্যকর হচ্ছে।

Hazagari Festival :

৩৩ তম রাজ্যভিত্তিক হজাগরি উৎসব আজ সকালে শেষ হয়েছে। গতকাল সন্ধ্যায় উৎসবের সমাপ্তি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা, বিধায়ক প্রমোদ রিয়াং প্রমুখ। রাতভর রাজ্যের বিভিন্ন প্রান্তের হজাগরি নৃত্যদল সহ মগ ত্রিপুরী ও বাঙালি জনগোষ্ঠীর পাশাপাশি আসাম এবং নাগাল্যান্ডের সাংস্কৃতিক দলও অনুষ্ঠানে অংশ নেয়।

CEO-ALL PARTY MEETING :

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক, ব্রিজেশ পাণ্ডে উপস্থিতিতে আসন্ন ভোটার তালিকা সংশোধন কর্মসূচি উপলক্ষে গতকাল একটি প্রস্তুতিমূলক সর্বদলীয় বৈঠকের আয়োজন করা হয়। বৈঠকে আসন্ন ভোটার তালিকা সংশোধন

প্রক্রিয়াকে সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। বৈঠকে বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন। সকল দলই ভোটের তালিকা সংশোধন প্রক্রিয়াকে নিরপেক্ষ, স্বচ্ছ ও সফলভাবে সম্পাদনের জন্য নির্বাচন দপ্তরকে পূর্ণ সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

Agriculture minister visit :

কৃষিমন্ত্রী রতন লাল নাথ জানিয়েছেন, রাজ্য সরকারের উদ্যোগে মোহনপুরের দক্ষিণ তারানগরে নতুন পর্যটন কেন্দ্র স্থাপন করা হবে। গতকাল পর্যটনকেন্দ্র স্থাপন করার জন্য জমি পরিদর্শন করেন এলাকার বিধায়ক তথা মন্ত্রী রতন লাল নাথ। তিনি জানান, পরিত্যক্ত জলাশয়কে কাজে লাগিয়ে এই পর্যটন কেন্দ্র গড়ে তোলার উদ্যোগ নেওয়া হয়েছে। স্থানীয়রা এই জলাশয়টিকে তারাসুন্দরী বাঁধ নামে চেনেন। মন্ত্রীর সঙ্গে পরিদর্শনে ছিলেন কৃষি দপ্তরের মুখ্য বাস্তুকার স্বপন কুমার দাস, মোহনপুর পুর পরিষদের চেয়ারপারসন অনিতা দেবনাথ, ভাইস চেয়ারম্যান শংকর দেব প্রমুখ।

Principal Scientific Adviser Ajay Sood :

কেন্দ্রীয় সরকারের প্রধান বৈজ্ঞানিক উপদেষ্টা অধ্যাপক অজয় সূদ দেশের ডিজিটাল অর্থনীতির মেরুদণ্ড হিসেবে টেলিযোগাযোগের গুরুত্বের উপর জোর দিয়েছেন। তিনি গতকাল নয়াদিল্লিতে চলতি বছরের ইন্ডিয়া মোবাইল কংগ্রেসের ফাঁকে আসন্ন উদীয়মান বিজ্ঞান প্রযুক্তি ও উদ্ভাবন কনক্লেভের জন্য ডিজিটাল যোগাযোগ থিমের উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করার সময় এই

কথা বলেন। তিনি উল্লেখ করেন, প্রকাশিত ডিজিটাল যোগাযোগ থিমটি দেশের অসাধারণ যাত্রা এবং বিশ্বব্যাপী সিক্সজি-র প্রতিযোগিতায় সামনের সারিতে আসার মত আত্মবিশ্বাসের প্রতিফলন।

Weather :

আগরতলা ও তার পান্ধবর্তী অঞ্চলে আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দু'এক পশলা হালকা থেকে মাঝারি বজ্রবিদ্যুত সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রির কাছাকাছি থাকতে পারে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৪.৭ ডিগ্রি সেলসিয়াস।
